

~~AP 2~~
AP 2

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.bpsc.gov.bd

বিজ্ঞপ্তি

নং - ৮০.০০.০০০০.১১৩.০১১.১০.২০১৬ (অংশ-১)/ ৮৪

তারিখ : ০৯/১০/২০১৬খ্রি:

বিষয় : প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের নিয়ন্ত্রাধীন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অধীনস্থ শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তর সমূহের "টেকনিক্যাল এ্যাসিস্ট্যান্ট" এর স্থায়ী শূন্য পদে নিয়োগের জন্য লিখিত পরীক্ষার ফলাফল ও উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময়সূচী।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের নিয়ন্ত্রাধীন জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর অধীনস্থ শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তর সমূহের "টেকনিক্যাল এ্যাসিস্ট্যান্ট" এর স্থায়ী শূন্য পদে নিয়োগের জন্য গত ০৫-০৬-২০১৬ তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে মৌখিক পরীক্ষার জন্য সাময়িকভাবে নির্বাচিত প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং মৌখিক পরীক্ষার তারিখ ও সময় নিম্নে দেয়া হল। উল্লেখ্য, সাময়িকভাবে প্রকাশিত ফলাফল কোনো কারণে সংশোধনের প্রয়োজন হলে কমিশন তা সংশোধনের অধিকার সংরক্ষণ করে।

২। মৌখিক পরীক্ষার জন্য সাময়িকভাবে নির্বাচিত প্রার্থীর রেজিস্ট্রেশন নম্বর এবং মৌখিক পরীক্ষার তারিখ ও সময় :

ক্রমিক নং	রেজিঃ নম্বর	পদের নাম	মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান
১	০০০০৩১= ১জন	টেকনিক্যাল এ্যাসিস্ট্যান্ট	তারিখঃ ২৯-১১-২০১৬খ্রি: রোজ মঙ্গলবার সকাল ১০.৩০ মি: স্থান : বাংলাদেশ সরকারী কর্ম কমিশন ভবন, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

৩। কোনো ক্ষেত্রে যাচিত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা পরবর্তীকালে কোনো সময় কোনো প্রার্থীর যোগ্যতার ঘাটতি পাওয়া গেলে, দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, কোনো জাল সার্টিফিকেট দাখিল করলে, অসদুপায় অবলম্বন করলে, প্রতারণার আশ্রয় নিলে বা আবেদনপত্রে গুরুতর (substantive) ত্রুটি বা ঘাটতি দেখা গেলে বা প্রদত্ত তথ্য মিথ্যা হলে মৌখিক পরীক্ষার পূর্বে বা পরে যে কোনো পর্যায়ে উক্ত প্রার্থীর প্রার্থিতা বাতিলসহ কমিশন কর্তৃক অনুষ্ঠেয় পরবর্তী যে কোনো পরীক্ষার জন্য অযোগ্য ঘোষণা করা যাবে। এমনকি, সার্ভিসে নিয়োগের পরও উক্তরূপ কোনো তথ্য প্রকাশ ও তা প্রমাণিত হলে তাকে চাকরি হতে বরখাস্তকরণ ছাড়াও তার বিরুদ্ধে আইনানুগ যে কোনো উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪। লিখিত পরীক্ষার প্রবেশপত্র, মৌখিক পরীক্ষার সাক্ষাৎকারপত্র এবং আবেদনপত্র ত্রয়ের রশিদ (প্রার্থীর অংশ) ব্যতীত কোনো প্রার্থী মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না। উল্লেখ্য আবেদনপত্র ত্রয়ের ব্যাংক রশিদ হারিয়ে গেলে রশিদের নম্বর ও তারিখ উল্লেখপূর্বক একটি প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট ব্যাংক থেকে সংগ্রহ করে মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) এবং অন্যান্য সনদের মূল কপি এবং বিভাগীয়/চাকুরিরত প্রার্থীদের নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সিলসহ স্বাক্ষরিত মূল ছাড়পত্র মৌখিক পরীক্ষা শুরু করার কমপক্ষে ৩০ মিনিট পূর্বে অবশ্যই মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। এ ছাড়া মূল আবেদনপত্র (BPS Form - 3) কমিশনের ওয়েব সাইট হতে ডাউনলোড করে উক্ত আবেদনপত্র যথাযথ ভাবে পূরণ পূর্বক প্রয়োজনীয় সকল সনদপত্রের সত্যায়িত ১(এক) সেট কাগজপত্রসহ সংশ্লিষ্ট বোর্ডে পরীক্ষার দিন জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীগণ মোবাইল ফোন সঙ্গে রাখতে পারবেন না।

৫। মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হচ্ছে। যথাসময়ে সাক্ষাৎকারপত্র না পেলে মৌখিক পরীক্ষার নির্ধারিত তারিখের ২/১ দিন পূর্বে সকাল ১০.০০টা হতে সন্ধ্যা ৪.০০টার মধ্যে এক কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবিসহ পরিচালক ইউনিট-১৩ বরাবর আবেদন করে ডুপ্লিকেট সাক্ষাৎকারপত্র সংগ্রহ করতে পারবেন। তদপুরি কমিশনের ওয়েব সাইটেও পিডিএফ ফাইল হিসেবে সাক্ষাৎপত্র দেখা যাবে।

(পড়াশোনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন
চাকুরির ক্ষেত্রে কোনোরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে)

০৯/১০/২০১৬

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক (নন-ক্যাডার)
(যুগ্ম সচিব)

ক্রমশ/..২